গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজারহাট, কুড়িগ্রাম
www.rajarhat.kurigram.gov.bd

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ আল ইমরান, উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, রাজারহাট, কুড়িগ্রাম।
তারিখ	:	১০/০৩/২০২৫খ্রি.।
সময়	:	সকাল ১১.০০ টা।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট ক

সভাপতি ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় তিনি মহান মুক্তিযুদ্ধে আত্নোৎসর্গকারী সকল বীর শহিদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি বলেন, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫' আমাদের জাতীয় জীবনের একটি গুরুত্বপূর্ণ দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সরকারি নির্দেশনা অনুযায়ী এ সভার মাধ্যমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে।

অতঃপর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫' উদযাপন উপলক্ষ্যে গত ২৯ জানুয়ারি, ২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী ও জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামের ০৯ মার্চ, ২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়নের জন্য সভায় উপস্থিত সকলের সর্বাত্নক সহযোগিতা কামনা করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গৃহিত হয় :

কর্মসূচি:

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
২৬/০৩/২৫	সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা উত্তোলন	সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবন কর্তৃপক্ষ/ভবনের মালিক
২৬/০৩/২৫	সূর্যোদয়ের সাথে সাথে	৩১ (একত্রিশ) বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা	উপজেলা পরিষদ চত্বর	সংশ্লিষ্ট উপ-কমিটি
২৬/০৩/২৫	সূর্যোদয়ের সাথে সাথে	পুষ্পস্তবক অর্পণ ও দোয়া	উপজেলা পরিষদ চত্বরস্থ কেন্দ্রীয় শহীদ মিনার ও ঠাঁটমারী বধ্যভূমি	সংশ্লিষ্ট উপ-কমিটি
২৬/০৩/২৫	সকাল ৯.০০ টা	প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, প্যারেড পরিদর্শন, সালাম গ্রহণ এবং স্বাগত বক্তব্য প্রদান। ২। পুলিশ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিএনসিসি এবং শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কুচকাওয়াজ, জাতীয় সংগীত ও সমাবেশ	রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
২৬/০৩/২৫	সকাল-১০.৩০ টা	স্থানীয় বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারবর্গের সংবর্ধনা	রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয় মাঠ	সংশ্লিষ্ট উপ-কমিটি
২৬/০৩/২৫	সুবিধাজনক সময়	জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/প্রার্থনা	সকল মসজিদ/ধর্মীয় উপাসনালয়	১। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রাজারহাট ২। সভাপতি, ইমাম সমিতি, রাজারহাট ৩। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, ঐক্য পরিষদ, রাজারহাট

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
২০/০৩/২৫ থেকে ২৫/০৩/২৫	সুবিধাজনক সময়ে	রচনা, আবৃত্তি ও মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা	উপজেলা পরিষদ সভাকক্ষ, রাজারহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি
২০/০৩/২৫ থেকে ২৫/০৩/২৫	সুবিধাজনক সময়ে	সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে	১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজারহাট ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট ৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ
০১/০৩/২৫ থেকে ২৩/০৩/২৫	সুবিধাজনক সময়ে	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ক্রীড়া অনুষ্ঠান (ফুটবল ম্যাচ/T-20 ক্রিকেট/কাবাডি/হা-ডু-ডু (ইত্যাদি খেলা) আয়োজন	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে	১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজারহাট ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট ৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ
২৬/০৩/২৫	সুবিধাজনক সময়	উন্নতমানের ইফতার ও খাবার পরিবেশন	সকল হাসপাতাল, এতিমখানা ও শিশু পরিবার	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
২৬/০৩/২৫	সন্ধ্যা হতে	আলোকসজ্জা	গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহ	সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ভবনের মালিক

অন্যান্য সিদ্ধান্তবলী:

০১। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচিসমূহে গঠিত কমিটিসমূহে প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম সকল উপ-কমিটির কার্যাবলী মনিটরিংসহ পরামর্শ প্রদান করবেন।

০২। প্রত্যেক সরকারি বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ২৬ মার্চ ২০২৫ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের প্রতিটি কর্মসূচিতে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনসহ প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

০৩। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা রক্ষা এবং পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

০৪। বর্ণিত তারিখ ও সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম ও ইনচার্জ, পল্লী বিদ্যুৎ সমিতি, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

০৫। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৫ উদযাপনের লক্ষ্যে গৃহিত কর্মসূচি ব্যাপক প্রচারণার জন্য উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

০৬। স্থানীয় পত্রিকার প্রতিনিধিগণকে রাজারহাট উপজেলায় গৃহিত কর্মসূচিসহ দিবসের তাৎপর্য তুলে ধরে বিস্তারিত কভারেজ দেয়ার জন্য নিজ উদ্যোগে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণকে অনুরোধ করা হলো।

০৭। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে গৃহিত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপ-কমিটির আহবায়কগণকে পৃথকভাবে উপ-কমিটির সভা আহবান করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়।

০৮। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও বাসভবন এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিস্কার পরিচ্ছন্নসহ সুসজ্জিত রাখার এবং আলোকসজ্জা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৯। জাতীয় সংগীতের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের উদ্দেশ্যে সতর্কতা ও সচেতনতার সাথে সংগীত পরিবেশনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

১০। ছেঁড়া, মলিন, রংবিহীন ও সঠিক মাপ বিহীন জাতীয় পতাকা যাতে কেউ উত্তোলন করতে না পারে তা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন উপ-কমিটিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে হোটেল মালিক, দোকান মালিক, টেইলার্স মালিক ও সংশ্লিষ্ট অন্যান্যদের নিয়ে রাজারহাট উপজেলা সদর বণিক সমিতিকে সভা করার জন্য অনুরোধ করা হয়। পতাকা উত্তোলনের ক্ষেত্রে পতাকা বিধি অনুসরণ করতে হবে।

১১। বাজার দর যাচাই অন্তে সামঞ্জস্যপূর্ণ পুরস্কার ক্রয়ের জন্য পুরস্কার ক্রয় উপ-কমিটিকে অনুরোধ করা হয়।

১২। কোনক্রমেই ২৫ মার্চ রাতে আলোকসজ্জা না করার জন্য সজাগ দৃষ্টি রাখতে সকলের প্রতি অনুরোধ করা হয়।

১৩। সকল দপ্তরের কর্মকর্তাগণকে উপজেলা পরিষদ চত্বরস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের জন্য অনুরোধ করা হয়।

১৪। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উপলক্ষ্যে রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠান চলাকালীন ভ্রাম্যমান মেডিকেল টীম প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১৫। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে উপজেলাধীন সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১৬। উপজেলা পরিষদ চত্বরস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া পরিচালনার জন্য পেশ ইমাম, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১৭। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান স্থলে শৃঙ্খলা রক্ষার্থে আনসার ও ভিডিপি সদস্য উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

১৮। মসজিদে এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে সুবিধাজনক সময় অনুযায়ী দেশ ও জাতির স্বাধীনতা সংগ্রামে সর্বোচ্চ ত্যাগ স্বীকারকারী শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও প্রার্থনা এবং জাতির শান্তি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।

১৯। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপনে উপজেলা পরিষদ চত্বর, ঠাঁটমারী বধ্যভূমি ও রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে সুবিধাজনক সময়ে পানি ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

২০। অনুষ্ঠিতব্য কুচকাওয়াজে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করতে ইচ্ছুক তার তালিকা সংশ্লিষ্ট উপ-কমিটির আহ্বায়কের নিকট দাখিলের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

২১। প্যান্ডেল নির্মাণ, মাঠ প্রস্তুত ও মাঠের সাজ-সজ্জা, কুচকাওয়াজ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনাসহ সকল কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য প্রধান শিক্ষক, রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

২২। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপন উপলক্ষ্যে কুচকাওয়াজে অংশগ্রহণকারী দলসমূহকে (পুলিশ, আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং বিএনসিসি) সমন্বয়ে কুচকাওয়াজ অনুষ্ঠান ২৫ মার্চ ২০২৫খ্রি: তারিখ সুবিধাজনক সময়ে আবশ্যিকভাবে মার্চ পাস্টের মহড়ায় অংশগ্রহণ করতে হবে। মহড়ায় অংশগ্রহণ ব্যতীত কোন দলকে কুচকাওয়াজে অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। রাজারহাট থানাকে মহড়া সফল করার সক্রিয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

২৩। পবিত্র রমজান মাসের পবিত্রতা রক্ষা করে সকল কর্মসূচি পালন করার জন্য সকলকে অনুরোধ করা হয়।

২৪। জাতীয় কর্মসূচি ও উপজেলা প্রশাসন, রাজারহাট, কুড়িগ্রাম কর্তৃক গৃহিত কর্মসূচির আলোকে যথাযোগ্য মর্যাদার সাথে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপনের জন্য প্রশাসক/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), রাজারহাট, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

সকল কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের জন্য নিম্নোক্ত উপ-কমিটিগুলো গঠন করা হয়: (সকল কমিটি/উপ-কমিটিতে পদক্রম জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপন পরিচালনা কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম	সভাপতি
২	অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলার সকল দপ্তরের প্রধানগণ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	সাবেক ডেপুটি কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	সাবেক সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
৭	আমীর/সেক্রেটারী, জামায়াতে ইসলামী বাংলাদেশ, রাজারহাট উপজেলা শাখা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৮	সমন্বয়ক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৯	সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় নাগরিক কমিটি, রাজারহাট উপজেলা শাখা, কুড়িগ্রাম	সদস্য
১০	অধ্যক্ষ, সরকারি মীর ইসমাইল হোসেন কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১১	অধ্যক্ষ, রাজারহাট ফাজিল মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১২	প্রধান শিক্ষক, রাজারহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৩	প্রধান শিক্ষক, রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৪	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৫	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৬	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট মডেল প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৭	সভাপতি/সাধারণ সম্পাদক, রিপোর্টার্স ক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৮	সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা মডেল প্রেসক্লাব, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
১৯	সভাপতি/সাধারণ সম্পাদক, মফস্বল সাংবাদিক ফোরাম, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২০	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট উপজেলা সদর বণিক সমিতি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২১	সম্পাদক, উপজেলা স্কাউটস, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২২	এনজিও (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
২৩	সভায় উপস্থিত সদস্যবৃন্দ	সদস্য

তোপধ্বনী উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	স্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

মাঠ সজ্জিতকরণ ও অতিথিদের মাঠে বসার আসন ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	প্রধান শিক্ষক, রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয়, রাজারহাট, কুড়িগ্রাম।	সদস্য

আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা উপকমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	সহকারী কমিশনার (ভূমি), রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৭	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

প্যারেড মাঠ প্রস্তুতকরণ উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

আইন শৃঙ্খলা রক্ষা ও জাতীয় পতাকা উত্তোলন ও নামানো তদারকি উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	অফিসার ইনচার্জ, রাজারহাট থানা, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	স্টেশন ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	সভাপতি/সাধারণ সম্পাদক, রাজারহাট উপজেলা সদর বণিক সমিতি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৬	সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব (সকল), রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

ধারা বিবরণী উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা কৃষি অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	জনাব পলাশ চক্রবর্তী, সহকারি অধ্যাপক, রাজারহাট মহিলা ডিগ্রী কলেজ, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	জনাব স্বর্ণ কমল মিশ্র, সহকারি অধ্যাপক, রাজারহাট ফাজিল ডিগ্রী মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

রচনা, আবৃত্তি ও মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা একাডেমিক সুপারভাইজার, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	জনাব নাজমুল হুদা, প্রশিক্ষক, উপজেলা শিল্পকলা একাডেমি, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

কুচকাওয়াজ অনুষ্ঠান প্রতিযোগিতার বিচারক প্যানেল উপ-কমিটি :

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

পুরস্কার ক্রয় ও বিতরণ উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম	সদস্য
৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	উপজেলা হিসাবরক্ষণকর্মকর্তা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৫	উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

কোরআন তিলাওয়াত/গীতাপাঠ ও প্রার্থনা উপ-কমিটি:

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রাজারহাট, কুড়িগ্রাম	আহবায়ক
২	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৩	পেশ ইমাম, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য
৪	জনাব স্বর্ণ কমল মিশ্র, সহকারি অধ্যাপক, রাজারহাট ফাজিল ডিগ্রী মাদ্রাসা, রাজারহাট, কুড়িগ্রাম	সদস্য

সভাপতি রাজারহাট উপজেলার সর্বস্তরের জনসাধারণসহ সকল সরকারি/বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীকে যথাযোগ্য মর্যাদায় ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপনে গৃহিত কর্মসূচিসমূহে স্বত:স্ফূর্তভাবে অংশগ্রহণে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১০/০৩/২৫

মোঃ আল ইমরান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন কমিটি
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৩.০৬৪.২৪-৬৮৫

তারিখ : ২৫ ফাল্গুন ১৪৩১ / ১০ মার্চ ২০২৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। প্রশাসক, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।
৩। .... রাজারহাট, কুড়িগ্রাম।
৪। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি।

১০/০৩/২৫

উপজেলা নির্বাহী অফিসার
রাজারহাট, কুড়িগ্রাম।